

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
টোল ও এক্সেল শাখা
www.rthd.gov.bd


নম্বর: ৩৫.০০.০০০০.০৬০.৩১.০১০.২১-৩৭৩

তারিখ: ২৭-০৬-২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক স্বাক্ষরিত বিভিন্ন পত্রাদি স্বল্প সময়ের মধ্যে অনলাইন মাধ্যমে জারি করার বিষয়টি বিবেচনায় নিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ‘পত্রজারি সহজিকরণ’ নামক একটি অনলাইনভিত্তিক সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। এর মাধ্যমে এ বিভাগের শাখা/অধিশাখা/অনুবিভাগ/দপ্তরসমূহে শেয়ার অপশন ব্যবহার করে এবং এ বিভাগের বাহিরে অবস্থিত বিভিন্ন দপ্তর/সংস্থা/বিভাগ/মন্ত্রণালয় বরাবর ই-মেইলে পত্রজারি করা যাবে। জারিকৃত পত্রসমূহ সংরক্ষণসহ আপলোডকৃত সকল ডকুমেন্ট প্রিন্ট/ডাউনলোড করা যাবে। উল্লেখ্য, ম্যানুয়েলী ডেসপাস কর্তৃক জারিকৃত পত্র প্রাপক বরাবর পৌছাতে কয়েকদিন সময় লেগে যায়। এতে সময় ক্ষেপন হয়। বর্ণিত কার্যক্রমের মাধ্যমে স্বল্প সময়ে প্রাপক বরাবর পত্র প্রেরণ করা যাবে। এক্ষেত্রে ই-মেইল আইডি একবার ব্যবহৃত হলে পরবর্তীতে পুনরায় টাইপ করার প্রয়োজন হবে না। এতে গোপনীয় (Private) পত্র শুধুমাত্র প্রাপকের কাছে প্রেরণসহ অন্যান্য পত্র (Public) ওয়েবসাইটে প্রদর্শনের সুযোগ রয়েছে। গোপনীয় (Private) পত্র প্রেরণের ক্ষেত্রে OTP (One Time Password) ব্যবহার করতে হবে। ফলে প্রাপক ব্যতীত অন্য কোন ব্যক্তি পত্রটি দেখতে পারবে না। এতে গোপনীয়তা রক্ষিত থাকবে। অন্যান্য পত্রসমূহ (Public) ওয়েবসাইটে শাখা/অধিশাখা/অনুবিভাগ/দপ্তর ভিত্তিক আপলোড হবে; যার প্রদর্শনকাল স্বাভাবিকভাবে ৫ (পাঁচ) দিন থাকবে। উল্লিখিত সময় প্রয়োজন অনুযায়ী বৃদ্ধিও করা যাবে। এছাড়া প্রাপক বরাবর ই-মেইলে প্রেরিত পত্র সম্পর্কে তাৎক্ষণিক মেসেজের মাধ্যমে অবহিতকরণসহ জারিকৃত পত্রটি দেখার জন্য উক্ত মেসেজে URL থাকবে। ইতোমধ্যে সফটওয়্যারটির লিংক এ বিভাগের ওয়েবসাইটে (ডাটাবেস > পত্রজারি সহজিকরণ) স্থাপন করা হয়েছে।

০২। এমতাবস্থায়, এ বিভাগের সকল শাখা/অধিশাখা/অনুবিভাগ/দপ্তর-এর প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তাগণকে উপর্যুক্ত লিংকের মাধ্যমে সফটওয়্যারটি ব্যবহার সংশ্লেষে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(ফাহিমদা হক খান)
উপসচিব

ফোন: ২২৩৩৮৫৩২৩

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ২। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৩। চেয়ারম্যান, বিআরটিএ, বনানী, ঢাকা

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য